

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৬১

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৪৬. রাসূলুল্লাহ (ﷺ) হতে (হাদীস) প্রচার ও সুন্নাত শিক্ষা দান

بَابُ الْبَلَاغِ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَتَعْلِيمِ السُّنَنِ

আরবী

أَخْبَرَنَا أَبُو الْمُغِيرَةِ حَدَّثَنَا صَغْوَانُ حَدَّثِنِي سُلَيْمُ بْنُ عَامِرٍ قَالَ كَانَ أَبُو أُمَامَةَ إِذَا قَعَدْنَا إِلَيْهِ يَجِيئُنَا مِنْ الْحَدِيثِ بِأَمْرٍ عَظِيمٍ وَيَقُولُ لَنَا اسْمَعُوا وَاعْقِلُوا وَبَلِّغُوا عَنَّا مَا تَسْمَعُونَ قَالَ سُلُيْمٌ بِمَنْزِلَةِ الَّذِي يُشْهِدُ عَلَى مَا عَلِمَ إِسناده صحيح

বাংলা

৫৬১. সুলাইম ইবনু আমির বলেন, আমরা আবু উমামাহ রাদ্বিয়াল্লাহু আনহু'র নিকট বসা অবস্থায় তিনি যখন কোনো গুরুত্বপূর্ণ নির্দেশ সংক্রান্ত হাদীস বর্ণনা করতেন, তখন তিনি আমাদেরকে বলতেন: তোমরা (ভাল করে) শোনো, বুঝে নাও এবং আমাদের পক্ষ হতে তোমরা যা শুন, তা প্রচার কর।

সুলাইম বলেন: সেই স্থান, যেখানে সে যা জানল, সেই ব্যাপারে সেটি সাক্ষ্য প্রদান করবে।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: তাবারানী, আল কাবীর ৮/১৭৮ নং ৭৬৭৩; ইবনু আব্দুল বার, আল জামি' নং ৭২৬; এর পূর্ণ তাখরীজ আমরা দিয়েছি মাজমাউয যাওয়াইদ নং ৬০১ এ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সুলাইম ইবনু আমির (রহঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন